

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৪০২

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪২. সহবাসজনিত নাপাকির গোসলে কুলি করা ও নাক পরিষ্কার করা সম্পর্কে

بَابُ مَا رُوِيَ فِي الْمَضْمَضَةِ وَالْإِسْتِنْشَاقِ فِي غُسْل الْجَنَابَةِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ الْبَاقِي بْنُ قَانِع ، نَا الْحَسَنُ بْنُ عَلِيّ الْمَعْمَرِيُّ ، وَأَحْمَدُ بْنُ النَّضْرِ بْن بَحْرِ الْعَسْكَرِيُّ ، وَغَيْرُهُمَا ، قَالُوا : نَا بَرَكَةُ بْنُ مُحَمَّد ، نَا يُوسُفُ بْنُ أَسْبَاطٍ ، عَنْ سُفْيَانَ الثَّوْرِيِّ ، عَنْ خَالِدِ الْحَذَّاءِ ، عَن ابْن سِيرِينَ ، عَنْ أَبِي هُرَيْرَةَ : " أَنَّ النَّبِيَّ _ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ جَعَلَ الْمَضْمَضَةَ وَالِاسْتِنْشَاقَ لِلْجُنُبِ ثَلَاثًا فَريضَةً ". هَذَا بَاطِلٌ ، وَلَمْ يُحَدِّثْ بِهِ غَيْرُ بَرَكَةَ ، وَبَرَكَةُ هَذَا يَضَعُ الْحَدِيثَ ، وَالصَّوَابُ حَدِيثُ وَكِيعِ الَّذِي كَتَبْنَاهُ قَبْلَ هَذَا مُرْسَلًا ، عَن ابْن سِيرِينَ : " أَنَّ النَّبِيَّ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ سَنَّ الاسْتنْشَاقَ فِي الْجَنَابَة ثَلَاثًا

وَتَابَعَ وَكِيعًا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى وَغَيْرُهُ

বাংলা

৪০২(৩), আবদুল বাকী ইবনে কানে' (রহঃ) ... আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নাপাকীর গোসলে তিনবার কুলি করা ও তিনবার নাক পরিষ্কার করা ফর্য করেছেন।

এটি বাতিল কথা। বারাকা ইবনে মুহাম্মাদ ব্যতীত কেউই এ হাদীস বর্ণনা করেননি। এই বারাকা জাল হাদীস রচনার অভিযোগে অভিযুক্ত। ইতিপূর্বে উল্লেখিত ওয়াকী বর্ণিত মুরসাল হাদীসটিই সহীহ। ইবনে সীরীন সূত্রে তাতে বলা হয়েছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নাপাকির গোসলে তিনবার নাকে পানি দেয়া বা নাক পরিষ্কার করা সুন্নাত হিসাবে নির্ধারিত করেছেন। উবায়দুল্লাহ ইবনে মুসা প্রমুখ ওয়াকীর অনুসরণ করেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন